

## বিদেশে অবস্থানকারী চাবির ২৬ শিক্ষককে চাকরি থেকে অব্যাহতিদানের সুপারিশ

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥  
উচ্চ শিক্ষা গ্রহণের জন্য বিদেশ গিয়ে ফেরত না আসা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ২৬ শিক্ষককে চাকরি থেকে অব্যাহতির সুপারিশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. এস.এম.এ. ফায়েজের সভাপতিত্বে অনুষ্ঠিত স্ট্যান্ডিং কমিটির সভায় এ সুপারিশ করা হয়। স্ট্যান্ডিং কমিটির সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের

সর্বোচ্চ নীতি নির্ধারণী ফোরাম সিন্ডিকেট এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। স্ট্যান্ডিং কমিটির সুপারিশমতে ২৬ জন শিক্ষকের মধ্যে ১৪ জনকে বিশ্ববিদ্যালয়ের যোগদানের জন্য কয়েকদিনের ছুটি দেয়া হয়। দু'মাস আগে শেষবারের মতো চাকরিতে যোগদানের সুযোগ দেয়া হয়। কিন্তু শিক্ষকসমূহ কাহি থেকে কোন সদস্যের পাওয়া যায়নি।

এদের মধ্যে ৮ জনকে চাকরির পরিসমাপ্তি, ৪ জনের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টার মতামত গ্রহণ, ২ জনের পদত্যাগপত্র গ্রহণ বিষয়ে সুপারিশ করা হয়। বাকী ১২ জন শিক্ষকের পদত্যাগপত্র স্ট্যান্ডিং কমিটি আগেই গ্রহণ করেছিল। আগামী সিন্ডিকেট সভায় ২৬ জন শিক্ষকের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। বিভিন্ন মেয়াদে বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা স্বণ নিয়ে ১২২ জন শিক্ষক বিদেশে অবস্থান করেন। এদের মধ্যে ৯৬ জন শিক্ষককে অনেক আগেই চাকরি থেকে অব্যাহতি দেয়া হয়েছে।